**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউ.সি.বি)**
**ফরিদপুর শাখা, ফরিদপুর**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৭) ধারামতে বিজ্ঞ আদালত হইতে মালিকানাস্বত্ত্বে প্রাপ্ত সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, ফরিদপুর এর খেলাপী ঋণগ্রহীতা ”ন্যাশনাল ইলেক্ট্রিক” এর বিরুদ্ধে ব্যাংকের পাওনা টাকা আদায়ের উদ্দেশ্যে ফরিদপুর জেলার অর্থঋণ আদালতে ০৫/২০১৪ নং অর্থঋণ মামলা দায়ের করা হইলে বিজ্ঞ আদালত ব্যাংকের অনুকুলে রায় ও ডিক্রী প্রদান করেন এবং সেমতে ০৫/২০১৪ নং অর্থজারী মোকদ্দমায় মাননীয় জজ, অর্থঋণ আদালত, ফরিদপুর, অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৭) ধারা মোতাবেক দায়িক মোঃ এনামুল হাসান গং দের নিম্ন তফসিল বর্নিত সম্পত্তির স্বত্ত্ব ডিক্রিদার ব্যাংকের অনুকুলে ন্যস্ত করিয়াছেন যাহা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

**নিলামকৃত সম্পত্তির তফসিল**

**১**। জেলা- ফরিদপুর, থানা-কোতয়ালী অন্তগর্ত জে.এল নং-**১২৬** আলিপুর মৌজার আর এস খতিয়ান নং- ৬৩৭, এস.এ. খতিয়ান নং-৫৭৪, হাল খতিয়ান নং-২০৫৫,বিএস খতিয়ান নং-৭৪**১**,প্রস্তাবিত খতিয়ান নং-৪**১**৭৮,আর এস দাগ নং-**১**২৮**১**,**১**২৮২, বিএস দাগ নং-২০৩২। মোট জমির পরিমান **১**৬.০৪ (ষোল দশমিক শূণ্য চার) শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরেঃ রাস্তা ও কাইমুদ্দীন আলী, দক্ষিণেঃ মোঃ শাহজাহান, পূর্বেঃ মোঃ রফিক, পশ্চিমেঃ মোহাম্মাদ অলী।

**নিলামের শর্তাবলী**

(১) আগামী **০২/০৯/২০২৫** ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, ফরিদপুর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, ফরিদপুর এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা/সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, দখল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন ।

**ব্যবস্থাপক**
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, ফরিদপুর